



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, গুয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-৪৮/২০১৬/ ২৩৫৬৮

তারিখ: ০২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

খাড়াতাইয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ খাড়াতাইয়া, উপজেলাঃ বুড়িচং, জেলাঃ কুমিল্লা-এর ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০১.১০.২০২৩ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৪.২০২৩ খ্রিঃ থেকে ২৫.০৪.২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলোঃ

শর্তসমূহঃ

১. আইসিটি ল্যাব স্থাপনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২. মাদ্রাসার অখন্ড জমির সনদ দ্রুত সময়ের মধ্যে জমা দিতে হবে।
৩. “হৃদয়ে বঙ্গবন্ধু” কে স্বতন্ত্র কক্ষে স্থাপন করতে হবে।
৪. শ্রেণিকক্ষে শিক্ষার্থীর উপস্থিতি বাড়াতে হবে।
৫. লাইব্রেরিতে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৬. উপাধ্যক্ষের জন্য পৃথক কক্ষের ব্যবস্থা করতে হবে।
৭. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

খাড়াতাইয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা


ডাকঘরঃ খাড়াতাইয়া, উপজেলাঃ বুড়িচং, জেলাঃ কুমিল্লা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-৪৮/২০১৬/ ২৩৫৬৮

তারিখ: ০২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (গুয়েস্ট সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, খাড়াতাইয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ খাড়াতাইয়া, উপজেলাঃ বুড়িচং, জেলাঃ কুমিল্লা।
৭. অফিস নথি।



(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮